# Times Today BD

মঞ্জুরুল ইসলাম | দেশজুড়ে | 22 June, 2025

ময়মনসিংহের তারাকান্দায় নিয়ন্ত্রণ হারানো বাসে ৪ গাড়ির ধাক্কায় ২ জন নিহত হয়েছে।এ ঘটনায় আহম হয়েছে আরও অন্তত ৮ জন।

রবিবার (২২ জুন) সকাল সাড়ে ১১ টার দিকে ময়মনসিংহ শেরপুর সড়কের তারাকান্দা উপজেলার বাগুন্দা এলাকায় এই ঘটনায় ঘটে।

তারাকান্দা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. টিপু সুলতান দুর্ঘটনায় ২ জন নিহত হওয়ার বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি বলেন, শেরপুর থেকে ছেড়ে আসা ঢাকাগামী একটি বাস নিয়ন্ত্রণ হারিয়ে বিপরিত দিক থেকে আসা একটি সিএনজির সাথে সংঘর্ষ হয়। এসময় ওই বাস ও সিএনজির কাছাকাছি থাকা দ্রুতগতির অটোরিকশা, কাভার্ডভ্যান ও হ্যন্ডট্রলি ধাক্কা দেয়।এতে আহত আরও অন্তত ৭ জন। আহত ৭ জনের একজনকে গুরুতর আহত অবস্থায় ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়।

এতে ময়মনসিংহের সাথে শেরপুর, হালুয়াঘাট ও দোবাউড়ার যোগাযোগ বন্ধ হয়ে সড়কের দু'পাশে যানজটের সৃষ্টি হয়।খবর পেয়ে ফায়ার সার্ভিস, সেনাবাহিনী পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে এবং আহত নিহতের উদ্ধার করে।

ওসি মো. টিপু সুলতান বলেন, পরিস্থিতি নিয়ন্ত্রণে আছে।যান চলাচল স্বাভাবিক হয়েছে।নিহতের নাম ঠিকানা সংগ্রহের কাজ চলছে।এ ঘটনায় আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন আছে বলেও জানান তিনি।

দুর্ঘটনা সড়ক দুর্ঘটনা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 11:07

URL: https://timestodaybd.com/across-the-country/3533775807